## ডব্লিউএসআইএস পুরস্কারে বাংলাদেশের হ্যাটট্রিক



টানা তৃতীয়বারের মতো প্রযুক্তি খাতের সম্মানজনক পুরস্কার ওয়ার্ল্ড সামিট অন ইনফরমেশন সোসাইটি (ডব্লিউএসআইএস) পুরস্কার ২০১৬ পেয়েছে বাংলাদেশ। পুরস্কারটি এসেছে প্রধানমন্ত্রীর কার্যালয়ের অ্যাকসেস টু ইনফরমেশন প্রোগ্রামের হাত ধরে। এ বছর বাংলাদেশ এনজিও নেটওয়ার্ক ফর রেডিও অ্যান্ড কমিউনিকেশনের নারী সাংবাদিকদের নিয়ে একটি উদ্যোগ বিজয়ী হয়েছে। পাশাপাশি এটুআই প্রোগ্রামের চারটি উদ্যোগ সম্মানজনক ডব্লিউএসআইএস পুরস্কারের চূড়ান্ত পর্বে চ্যাম্পিয়ন হয়েছে।

এটুআইয়ের উদ্যোগগুলো হলো– সেবা পদ্ধতি সহজীকরণ-এসপিএস (ক্যাটাগরি-০৬), পরিবেশ অধিদফতরের অনলাইন ছাড়পত্র (ক্যাটাগরি-০৭), শিক্ষক বাতায়ন (ক্যাটাগরি-০৯) এবং কৃষকের জানালা (ক্যাটাগরি-১৩)।

সম্প্রতি জাতিসংঘের আইসিটি সংক্রান্ত বিশেষায়িত সংস্থা আন্তর্জাতিক টেলিকমিউনিকেশন ইউনিয়নের (আইটিইউ) সদর দফতর জেনেভায় বাংলাদেশের প্রতিনিধিদের হাতে ডব্লিউএসআইএস চ্যাম্পিয়ন সম্মাননা তুলে দেয়া হয়। পুরস্কার গ্রহণ করেন বাংলাদেশ সরকারের ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী তারানা হালিম, প্রধানমন্ত্রীর কার্যালয়ের অ্যাকসেস টু ইনফরমেশন প্রোগ্রামের পলিসি অ্যাডভাইজার আনীর চৌধুরী, ডোমেইন স্পেশালিস্ট লুতফর রহমান ও ডিরেক্টর (ইনোভেশন) মোস্তাফিজুর রহমান। এর আগে ২০১৪ সালে এটুআইয়ের ডিজিটাল সেন্টার এবং ২০১৫ সালে জাতীয় তথ্য বাতায়ন উদ্যোগ দুটি এই পুরস্কার পেয়েছিল ◆

## ইলেকট্রনিক পাসপোর্টেরও ব্যবস্থা করা হবে : প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, পাসপোর্ট হচ্ছে নাগরিক অধিকার। মেশিন রিডেবল পাসপোর্ট করা হচ্ছে। অনলাইন আছে। তাই হয়রানি অনেক কমে যাবে। সরকার যে জনগণের সেবক– এই চিন্তা থেকেই দেশ এগিয়ে যাচ্ছে। আধুনিক বিশ্বের সাথে তাল মিলিয়ে চলার ক্ষেত্রে পদক্ষেপ নিচ্ছি আমরা। আমরা একটি দেশ পেয়েছি। নিজের পাসপোর্ট দিয়ে বিদেশে যেতে পারছি। সম্প্রতি আগারগাঁওয়ের আঞ্চলিক পাসপোর্ট অফিস ভবনের উদ্বোধনী অনুষ্ঠানে এক বক্তব্যে তিনি এসব কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, আমরা সারাদেশে ডিজিটাল ব্যবস্থা করে দিয়েছি। ইলেকট্রনিক পাসপোর্ট আমরা দেব। এই পরিকল্পনা গ্রহণ করেছি। তিনি আরও বলেন, প্রায় ৯০ লাখ লোক বিদেশে কাজ করছে। তাদের সমস্যা আমরা দেখব। আমরা প্রশিক্ষণের ব্যবস্থা করব। পাথাপিছু আয় বৃদ্ধি করেছি। ২০৪১ সালের মধ্যে বাংলাদেশ হবে সমৃদ্ধশালী দেশ ◆

## ডব্লিউএসআইএস পুরস্কার পেল বিএনএনআরসি



বাংলাদেশ এনজিওস নেটওয়ার্ক ফর রেডিও অ্যান্ড কমিউনিকেশন (বিএনএনআরসি) ২০১৬ সালের জাতিসংঘ কর্তৃক আয়োজিত তথ্য-সমাজবিষয়ক বিশ্ব সম্মেলন পুরস্কার অর্জন করেছে। সুইজারল্যান্ডের জেনেভায় আয়োজিত ডব্লিউএসআইএস ফোরামে গত ৩ মে এই পুরস্কার দেয়া হয়। বিএনএনআরসি কর্তৃক বাস্তবায়িত কমিউনিটি মিডিয়া ও সাংবাদিকতায় যুবা নারী-বাংলাদেশের গ্রামীণ সম্প্রচার সাংবাদিকতায় নতুন যুগের উন্মেষ প্রকল্পটি এ বছরের তথ্য-সমাজবিষয়ক বিশ্ব সম্মেলন পুরস্কার অর্জন করেছে। পুরস্কার গ্রহণের প্রাক্কালে এক বার্তায় বিএনএনআরসির প্রধান নির্বাহী কর্মকর্তা এএইচএম বজলুর রহমান সংশ্লিষ্ট বিচারকমণ্ডলীকে ধন্যবাদ জানিয়ে বলেন, এই পুরস্কার দেয়ার মাধ্যমে আমাদের কাজ বিশ্বসভায় স্বীকৃতি পেল। বিএনএনআরসির কর্মীদের নয়, এই পুরস্কার বাংলাদেশের ১৬টি কমিউনিটি রেডিওতে কর্মরত ৬০ জন যুবা নারী সাংবাদিকের, যারা গণমাধ্যমে 'কণ্ঠহীনের কণ্ঠস্বর' তুলে আনার জন্য নিরলসভাবে কাজ করে চলেছেন ◆

## দেশে ইন্টারনেট গ্রাহক ৬ কোটি ছাড়িয়েছে

বর্তমানে বাংলাদেশে ইন্টারনেট গ্রাহক ৬ কোটি ১২ লাখ ৮৮ হাজার। ফেব্রুয়ারিতে এই সংখ্যা ছিল ৫ কোটি ৮৩ লাখ এবং জানুয়ারিতে ছিল ৫ কোটি ৬১ লাখ। চলতি বছর মার্চ শেষের তথ্য হিসাব করে এসব তথ্য জানিয়েছে টেলিযোগাযোগ খাতের নিয়ন্ত্রক সংস্থা বিটিআরসি। ২০১৫ সালের ফেব্রুয়ারিতে বাংলাদেশে ইন্টারনেট সেবা কিনতেন ৪ কোটি ৪৬ লাখ ২৫ হাজার মানুষ। এই হিসাবে দেশে ইন্টারনেট গ্রাহক প্রায় ৩৮ শতাংশ বেড়েছে। বিটিআরসির তথ্যে প্রকাশ, দেশে ইন্টারনেট ব্যবহারকারীর বেশিরভাগই মোবাইল ফোন নেটওয়ার্কের মাধ্যমে ইন্টারনেট সেবা নিচ্ছেন। সম্প্রতি বিভিন্ন ইন্টারনেট সেবাদাতা প্রতিষ্ঠান (আইএসপি) ও পাবলিক সুইচড টেলিফোন নেটওয়ার্কের (পিএসটিএন) ইন্টারনেট গ্রাহক বেড়েছে। তবে ওয়াইম্যাক্স ইন্টারনেটের গ্রাহক কমেছে ◆

## তরুণ উদ্যোক্তাদের জন্য ইইএফ নীতিমালা সহজ করার আহ্বান

অর্থ মন্ত্রণালয়কে প্রস্তাবিত ইইএফের খসড়া নীতিমালায় বেসিসের প্রস্তাবনা সম্ভব সর্বোচ্চ গুরুত্ব দিয়ে অন্তর্ভুক্তকরণ ও দেশের তথ্যপ্রযুক্তি খাতের উন্নয়নে একটি 'আইসিটি এসএমই তহবিল' গঠন করে তাতে ন্যূনতম ২০০ কোটি টাকার বরাদ্দ দেয়া ও সুদের হার সর্বনিম্ন পর্যায়ে রাখার প্রস্তাবনা দিয়েছে বেসিস। সম্প্রতি অর্থ মন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব মো: ইউনুসুর রহমানের সাথে বেসিস সভাপতি শামীম আহসানের নেতৃত্বে বেসিস প্রতিনিধি দলের এক বৈঠকে এই প্রস্তাবনা দেয়া হয়। বৈঠকে উপস্থিত ছিলেন অর্থ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রকল্প, কর্মসূচি, ক্ষুদ্রঋণ, আইসিটি ও লাইব্রেরি) অরিজিৎ চৌধুরী, বেসিসের মহাসচিব উত্তম কুমার পাল ও কোষাধ্যক্ষ শাহ ইমরাউল কায়ীশ। বৈঠকে বেসিসের পক্ষ থেকে জানানো উপরোক্ত প্রস্তাবনা দুটি বাস্তবায়িত হলে তথ্যপ্রযুক্তি কোম্পানিগুলোর জন্য ঋণ গ্রহণ সহজ হবে এবং আন্তর্জাতিক পর্যায়ে পৌছানো, টেন্ডারে অংশ নেয়াসহ তাদের যে বিনিয়োগ সমস্যা ছিল সেটি দূর হবে। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব বেসিসের এসব প্রস্তাবে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার আশাবাদ ব্যক্ত করেন ◆

## ওরাকল ১১জি ডিবিএ অ্যান্ড ডেভেলপার কোর্সে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্সে অক্টোবর মাসে ওরাকল ১১জি ডিবিএ অ্যান্ড ডেভেলপার ভেন্ডর সার্টিফিকেশন কোর্সে শুক্র ও শনিবারের ব্যাচে ভর্তি চলছে। অভিজ্ঞ প্রশিক্ষকের মাধ্যমে কোর্স সমাপ্তির পর ছাত্রছাত্রীরা বিভিন্ন ব্যাংক, বীমা ও বহুজাতিক কোম্পানিতে চাকরির সুযোগ পাবেন। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭ ◆

## ক্যানন জি সিরিজের নতুন প্রিন্টার আসছে বাজারে



সম্প্রতি রাজধানী ঢাকার অভিজাত রেস্টুরেন্টে ক্যাননের নতুন প্রিন্টার মডেল উন্মোচন করা হয়। বাংলাদেশে ক্যাননের ডিজিটাল ক্যামেরা, প্রিন্টার এবং স্ক্যানারের পরিবেশক জেএএন অ্যাসোসিয়েটস এ উপলক্ষে এক অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানে ক্যাননের নতুন জি সিরিজ প্রিন্টারের জি ১০০০, জি ২০০০ এবং জি ৩০০০ মডেল উন্মোচন করা হয় এবং এসব মডেলের বিভিন্ন কারিগরি দিক এবং সুবিধা সম্পর্কে অবগত করা হয়।



জেএএন অ্যাসোসিয়েটসের ব্যবস্থাপনা পরিচালক আব্দুল্লাহ এইচ কাফি বলেন, 'বাংলাদেশের প্রিন্টার বাজারে ক্যানন প্রিন্টার দীর্ঘদিন ধরে শীর্ষস্থান ধরে রেখেছে। ক্যানন প্রিন্টার উন্নত মানের এবং নির্ভরযোগ্য। ক্যাননের নতুন জি সিরিজের প্রিন্টারগুলো কালিসাশ্রয়ী। তাই ব্যবহারকারীরা কম মূল্যে অনেক প্রিন্ট করতে পারবেন। আমি আশা করব, ক্যাননের আগের মডেলগুলোর মতো বাংলাদেশের প্রিন্টার ব্যবহারকারীরা ক্যাননের জি সিরিজের এ নতুন প্রিন্টারগুলোকে ভালোভাবে গ্রহণ করবে।'

ক্যাননের জি সিরিজ প্রিন্টারের অন্যতম প্রধান বৈশিষ্ট্য হচ্ছে এতে রিফিলেবল ইঙ্ক ট্যাঙ্ক আছে। কালি শেষ হয়ে যাওয়ার পরে ইঙ্ক ট্যাঙ্কে কালি ভরে পুনরায় ব্যবহার করা যাবে। কালো, হলুদ, ম্যাজেন্টা এবং সায়ান রংয়ের কালি ব্যবহার করা যাবে। জি সিরিজ প্রিন্টারের রিফিলেবল ট্যাঙ্কগুলো বিল্টইন এবং প্রিন্টারের ভিতরে থাকবে। এজন্য প্রিন্টার রাখতেও বেশি জায়গা লাগবে না।

জি সিরিজের এ প্রিন্টারগুলোতে হাইব্রিড ইঙ্ক সিস্টেম ব্যবহার হয়েছে। এতে পিগমেন্ট কালো কালি এবং ডাই কালার কালি ব্যবহার করা যাবে। মাত্র ৬০ সেকেন্ডে ফোর আর বর্ডারবিহীন ছবি প্রিন্ট করা যাবে। এমনকি এ-ফোর সাইজ ফটোও প্রিন্ট করা যাবে। জি ১০০০ সিঙ্গল ফাংশন প্রিন্টার, জি ২০০০-এ প্রিন্ট, স্ক্যান এবং ফটোকপি করা যাবে। জি ৩০০০-এ প্রিন্ট, স্ক্যান, ফটোকপি করা যাবে এবং ওয়্যারলেস কানেকটিভিটি মোবাইল এবং ক্লাউড প্রিন্টিং ফিচার সাপোর্ট করবে।

অনুষ্ঠানে ক্যাননের ডিলার, রিসেলার এবং জেএএন অ্যাসোসিয়েটসের উচ্চপদস্থ কর্মকর্তা এবং সাংবাদিকরা উপস্থিত ছিলেন ◆

## পিএইচপি-মাইএসকিউএল কোর্সে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্সে প্রফেশনাল পিএইচপি কোর্সে ফেব্রুয়ারি সেশনে ভর্তি চলছে। কোর্সের সময়সীমা ৯০ ঘণ্টা, যার মধ্যে দুটি রিয়েল লাইফ প্রজেক্ট অন্তর্ভুক্ত। পিএইচপির নিজস্ব সিলেবাসের পাশাপাশি রয়েছে অ্যাজাক্স, জেকুয়েরি, জুমলা ও অ্যাডভান্স অবজেক্ট অরিয়েন্টেড টেকনিক। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭ ◆

## গণমাধ্যমের গতিধারাকে প্রভাবিত করবে ফেসবুক লাইভ

বর্তমান সময়ের সবচেয়ে আলোচিত সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকের লাইভ ভিডিও সম্পর্কে মাধ্যমটির বেশিরভাগ ব্যবহারকারী অল্পবিস্তর অবগত। ফেসবুকের সহপ্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী মার্ক জুকারবার্গ প্রায়ই বিভিন্ন লাইভ ভিডিও পোস্ট করে থাকেন। জুকারবার্গের পাশাপাশি কিছু গুরুত্বপূর্ণ ব্যক্তি এই ফিচারটি ব্যবহার করছেন। বাংলাদেশে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলককে ফিচারটি ব্যবহার করতে দেখা গেছে। ফিচারটি এখনও পর্যন্ত অল্প কিছু মানুষের মাঝে সীমাবদ্ধ। সম্প্রতি ফেসবুক ঘোষণা দিয়েছিল, এটি সবার জন্য উন্মুক্ত করে দেয়ার। সবকিছু ঠিকঠাকই ছিল। তবে শেষ মুহূর্তে আরও কিছু পরীক্ষা-নিরীক্ষা ও বাড়তি সুবিধা সংযোজনের জন্য আপাতত ফেসবুকের গবেষণাগারেই রয়েছে এটি। প্রযুক্তি বিশ্লেষকেরা মনে করছেন, ফেসবুকের এই ফিচারটি গণমাধ্যমের গতিধারাকে অনেক বেশি প্রভাবিত করবে। পাল্টে দেবে অনেক কিছু। মোদ্দা কথা, গণমাধ্যমের জন্য একটি বড় বিষয় হয়ে দাঁড়ানোর প্রস্তুতি নিচ্ছে ফেসবুক লাইভ। ফেসবুক লাইভের প্রভাবের কারণে বিলুপ্তির পথে বসতে পারে টেলিভিশন চ্যানেলগুলো! ইন্টারনেটভিত্তিক মিডিয়া কোম্পানি বাজফিডের প্রেসিডেন্ট জন স্টেইনবার্গ ফেসবুকের লাইভ স্ট্রিমিংকে টেলিভিশনের জন্য বড় হুমকি হিসেবে অভিহিত করেছেন। বাজফিডও ইন্টারনেটে লাইভ ভিডিওভিত্তিক ব্যবসায় পরিচালনা করে। এই প্রতিষ্ঠানটি বর্তমানে সপ্তাহে পাঁচ দিন এক ঘণ্টা করে লাইভ ভিডিও সম্প্রচার করছে। এ বছরের শেষের দিকে লাইভ ভিডিও প্রচারের পরিমাণকে প্রতিদিন আট ঘণ্টায় উন্নীত করতে চায় প্রতিষ্ঠানটি। লাইভ ভিডিও, কৃত্রিম বুদ্ধিমত্তা আর ভার্চ্যুয়াল রিয়েলিটি মিলিয়ে ফেসবুকসহ বিভিন্ন সামাজিকমাধ্যম টেলিভিশনের অনেক শক্তিশালী বিকল্প হিসেবে তৈরি হচ্ছে। সবকিছু বিশ্লেষণ করে প্রযুক্তি বিশ্লেষকেরা বলছেন, অদূর ভবিষ্যতে ভিডিওকেন্দ্রিক সম্প্রচার মাধ্যমে রাজত্ব করবে বিভিন্ন সামাজিক যোগাযোগমাধ্যমের লাইভ ভিডিও ◆

## ৫ গিগাহার্টজ ফ্রিকোয়েন্সির ওয়্যারলেস মাউস



রাপুর একমাত্র পরিবেশক গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে ৫ গিগাহার্টজ ফ্রিকোয়েন্সির ট্রান্সমিশনসম্পন্ন ওয়্যারলেস অপটিক্যাল মাউস। মাউসগুলোতে রয়েছে ১০০০ ডিপিআই রেজ্যুলেশনসম্পন্ন হাই ট্র্যাকিং ইঞ্জিন। এছাড়া মাউসগুলো লো-পাওয়ার কনজাম্পশন টেকনোলজি দিয়ে তৈরি এবং ১০ মিটার দূর থেকে কাজ করতে সক্ষম। মাউসগুলোর দুটি মডেল বাজারে নিয়ে এসেছে রাপু। মডেলগুলো যথাক্রমে ১০৯০পি ও ৩১০০পি। ৩১০০পি মডেলের ওয়্যারলেস মাউসটির রয়েছে ১৮ মাস ব্যাটারি লাইফ। দুই বছরের ওয়ারেন্টিসহ দাম ১,৩৫০ টাকা। ১০৯০পি মডেলের ওয়্যারলেস মাউসটির রয়েছে ৯ মাস ব্যাটারি লাইফ। দুই বছরের ওয়ারেন্টিসহ দাম ১,১০০ টাকা ◆

## বিকাশ অ্যাকাউন্টে পাওয়া যাবে রেমিট্যান্স

মাস্টারকার্ড, ওয়েস্টার্ন ইউনিয়ন, বিশ্বের অন্যতম বৃহত্তম মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস প্রদানকারী প্রতিষ্ঠান বিকাশ এবং ব্র্যাক ব্যাংক সম্প্রতি দেশে একটি যুগান্তকারী আন্তর্জাতিক রেমিট্যান্স সেবা চালু করেছে। ফলে বিকাশের নিবন্ধিত গ্রাহকেরা এখন বিদেশ থেকে প্রেরিত রেমিট্যান্স সরাসরি তাদের বিকাশ অ্যাকাউন্টে গ্রহণ করতে পারবেন। বাংলাদেশ বিশ্বের অষ্টম বৃহত্তম আন্তর্জাতিক রেমিট্যান্স গ্রহণকারী দেশ। এই নতুন সেবা চালুর ফলে দেশের লাখ লাখ মানুষ বিদেশে বসবাসরত স্বজনদের পাঠানো রেমিট্যান্স গ্রহণে অনেক সহজ ও সুবিধাজনক হবে।

বিকাশের অভূতপূর্ব সাফল্যের ওপর ভিত্তি করে চালু হয়েছে এই নতুন ধরনের রেমিট্যান্স সেবা। ২০১১ সালে চালু হওয়া বিকাশের বর্তমান গ্রাহক সংখ্যা ২২ মিলিয়ন। বিশ্বের বিভিন্ন স্থানে বসবাসরত যেকোনো ব্যক্তি ওয়েস্টার্ন ইউনিয়নের বিশ্বস্ত নেটওয়ার্ক ব্যবহার করে পাঠানো রেমিট্যান্স বিকাশের গ্রাহকেরা এখন তাদের অ্যাকাউন্টে সরাসরি গ্রহণ করতে পারবেন। নতুন রেমিট্যান্স সেবাটি গ্রহণ করে বিকাশের নিবন্ধিত গ্রাহকেরা প্রায় সব দেশ থেকেই ওয়েস্টার্ন ইউনিয়নের মাধ্যমে তাদের বিকাশ অ্যাকাউন্টে দিনরাত ২৪ ঘণ্টাই রেমিট্যান্স গ্রহণ করতে পারবেন। রেমিট্যান্স গ্রহণ প্রক্রিয়াটি খুবই সহজ। এ ক্ষেত্রে বিকাশ মেন্যুতে গিয়ে রেমিট্যান্স ওয়েস্টার্ন ইউনিয়ন নির্বাচন করে ওয়েস্টার্ন ইউনিয়নের রেফারেন্স নাম্বার (এমটিসিএন) প্রবেশ করে টাকার পরিমাণ উল্লেখ করে বিকাশ পিন চাপতে হবে। পরবর্তী ধাপে লেনদেনের অনুরোধটি মাস্টারকার্ডের সিকিউরড পেমেন্ট টেকনোলজির মাধ্যমে সরাসরি বিকাশ অ্যাকাউন্টে চলে যাবে।

একজন বিকাশ গ্রাহকের দিনে একটি একক লেনদেনের সর্বোচ্চ টাকার পরিমাণ হবে ৩৫ হাজার টাকা (প্রায় ৫০০ ডলার)। একজন গ্রাহক দিনে পাঁচবার লেনদেন করতে পারবেন, যার সর্বোচ্চ পরিমাণ হবে ১ লাখ ১৫ হাজার টাকা (প্রায় ১৫০০ ডলার)। মাসে সর্বোচ্চ ২০ বার লেনদেন করতে পারবেন এবং এ ক্ষেত্রে বিকাশ অ্যাকাউন্টে সর্বোচ্চ স্থিতি থাকবে ১ লাখ ৫০ হাজার টাকা ◆

## ভিভানকো গ্র্যান্ড লঞ্চিং অনুষ্ঠিত

জাঁকজমকপূর্ণ আয়োজনের মধ্য দিয়ে গত ২১ এপ্রিল রাজধানীর বিআইসিসি সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত হয় নেটওয়ার্কিং পণ্যের ব্র্যান্ড 'ভিভানকো'র গ্র্যান্ড লঞ্চিং। ভিভানকোর উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ভিভানকো এশিয়া হেড কোয়ার্টারের প্রেসিডেন্ট তান জিয়াও গান, ইন্টারন্যাশনাল মার্কেটিং ডিরেক্টর এন্ডি রু, টেকনিক্যাল সাপোর্ট ইঞ্জিনিয়ার এরিক পেং এবং স্মার্ট টেকনোলজিসের পক্ষে ব্যবস্থাপনা পরিচালক মো: জহিরুল ইসলাম, বিক্রয় মহাব্যবস্থাপক জাফর আহমেদ, বিপণন মহাব্যবস্থাপক মুজাহিদ




আল বেরুনী সুজন, কর্পোরেট মহাব্যবস্থাপক হাসান ফাহিম, এন্টারপ্রাইজ ব্যবসায়ের মহাব্যবস্থাপক শাহেদ কামাল এবং উপমহাব্যবস্থাপক শেখ আলমগীরসহ প্রতিষ্ঠানটির উর্ধ্বতন কর্মকর্তারা।

অনুষ্ঠানে মো: জহিরুল ইসলাম বলেন, 'এখন থেকে স্মার্ট টেকনোলজিসের কাছে সবসময়ই সব ধরনের কপার ক্যাবল, ফাইবার ক্যাবল, র‌্যাক, প্যাচকর্ড, মডুলার জ্যাক, কানেক্টর, প্যাচ প্যানেলসহ অন্যান্য এক্সেসরিজ পাওয়া যাবে। আমরা আশা করছি, যারা গুণগত মানের নেটওয়ার্কিং পণ্য দিয়ে অফিসের নেটওয়ার্কিংয়ের কাজ করতে চান, তাদের চাহিদা বিশেষভাবে পূরণ করতে সক্ষম হবে ভিভানকোর পণ্যগুলো' ◆

## দেশে ইন্টারনেট ডাটা ব্যবহার বেড়েছে ৬ গুণ

তৃতীয় প্রজন্মের (থ্রিজি) টেলিযোগাযোগ সেবা ও স্মার্টফোনের ব্যবহার বাড়ার সাথে পাল্লা দিয়ে দেশে বাড়ছে ইন্টারনেট ডাটার ব্যবহার। বর্তমানে প্রতিদিন গড়ে ব্যবহার হচ্ছে ৩০০ টেরাবাইট ডাটা, যা দুই বছর আগেও ছিল মাত্র ৫০ টেরাবাইট। অর্থাৎ দুই বছরে ইন্টারনেট ডাটার ব্যবহার বেড়েছে ৬০০ শতাংশ বা ৬ গুণ। বাংলাদেশের টেলিযোগাযোগ খাত নিয়ে সুইডেনের বহুজাতিক টেলিযোগাযোগ অবকাঠামো সেবাদাতা প্রতিষ্ঠান এরিকসনের বাজার গবেষণায় এমন তথ্য উঠে এসেছে। চতুর্থ প্রজন্মের (ফোরজি) টেলিযোগাযোগ সেবা চালু হলে ইন্টারনেট ডাটার এ ব্যবহার সামনে আরও বাড়বে বলে মনে করে প্রতিষ্ঠানটি।

গ্রাহক পর্যায়ে ইন্টারনেট ডাটার ব্যবহার পরিমাপ করতে টেরাবাইট, গিগাবাইট ও মেগাবাইটের মতো একক ব্যবহার করা হয়। ২০১৫ সালের নভেম্বরে প্রকাশিত এরিকসন মবিলিটি রিপোর্টে বাংলাদেশ সম্পর্কে বলা হয়েছে, মুঠোফোন ব্যবহারকারী প্রবৃদ্ধির দিক থেকে শীর্ষ পাঁচ দেশের একটি হলো বাংলাদেশ। গত এক বছরে এই বাজারে একক মুঠোফোন ব্যবহারকারী বেড়েছে ৪০ লাখ। ব্যবহারকারীর প্রবৃদ্ধিতে শীর্ষ দুটি দেশ হলো ভারত ও চীন ◆

## লিড পেনিট্রেশন টেস্টিং ট্রেনিং ও পরীক্ষায় শতভাগ সাফল্য



আইবিসিএস-প্রাইমেক্সে বিগত ১৯-৩১ ডিসেম্বর সার্টিফায়েড এলপিটি এক্সপার্ট প্রশিক্ষকের অধীনে সার্টিফায়েড লিড পেনিট্রেশন টেস্টিং প্রফেশনাল ট্রেনিং ও পরীক্ষা অনুষ্ঠিত হয়। ১৪ জন প্রফেশনাল প্রশিক্ষণার্থীর সমন্বয়ে ব্যাচটি সফলভাবে শেষ করে পেপার বেইজড পরীক্ষায় অংশ নিয়ে প্রত্যেকে সার্টিফিকেট অর্জন করে। চলতি মাসে সিএলপিটি দ্বিতীয় ব্যাচটি অনুষ্ঠিত হবে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭ ◆

## জাদু ডিজিটাল একসাথে ২৩০ চ্যানেল

রাজধানীর ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরার নবরাত্রি হলে সম্প্রতি আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হলো 'জাদু ডিজিটাল'। এটি গ্রাহকদের



জন্য নিয়ে এসেছে এসডি ও এইচডি সেটটপ বক্স, যা এই মুহূর্তে ২৩০টিরও বেশি ডিজিটাল টেলিভিশন চ্যানেল ডেলিভার করছে। উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। এছাড়া বিশেষ অতিথি হিসেবে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনুসহ মন্ত্রী-প্রতিমন্ত্রী এবং ডিজি জাদু ব্রডব্যান্ড লিমিটেডের চেয়ারম্যান আনিসুল হক উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে জানানো হয়, চ্যানেলের সংখ্যা আরও বাড়ানোর জন্য কাজ করা হচ্ছে। জাদু ডিজিটাল গ্রাহকদের জন্য জাদু সেভার, জাদু ভ্যালু, জাদু সুপার এইচডি ও জাদু প্রিমিয়াম এইচডি নামে চারটি আকর্ষণীয় প্যাকেজ ডিজাইন করেছে। গ্রাহক তার পছন্দমতো প্যাকেজ সাবস্ক্রাইব করে এক্সপেরিয়েন্স করতে পারবেন জাদু ডিজিটালে ◆

## আইটিআইএল ২০১১ ফাউন্ডেশন ট্রেনিং ও পরীক্ষায় শতভাগ সাফল্য

আইবিসিএস-প্রাইমেক্সে বিগত ২২-৩০ এপ্রিল সার্টিফায়েড আইটিআইএল এক্সপার্ট প্রশিক্ষকের অধীনে আইটিআইএল ২০১১ ফাউন্ডেশন ট্রেনিং ও পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। ১০ জন প্রফেশনাল প্রশিক্ষণার্থীর সমন্বয়ে ব্যাচটি সফলভাবে শেষ করে অনলাইন পরীক্ষায় অংশ নেন এবং প্রত্যেকে সার্টিফিকেট অর্জন করেন। জুন মাসে আইটিআইএল ১৭তম ব্যাচটি অনুষ্ঠিত হবে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭ ◆

## টোটোলিংকের নতুন ওয়্যারলেস রাউটার

গ্লোবাল ব্র্যান্ড দেশের বাজারে এনেছে টোটোলিংকের নতুন ওয়্যারলেস রাউটার এন৩০০আরএইচ। উন্নত ট্রান্সমিশন ও উচ্চ



কার্যক্ষমতাসম্পন্ন এই রাউটারটি দীর্ঘ পরিসরে এবং একাধিক ফ্লোরে এর নেটওয়ার্ক বিস্তার করতে সক্ষম। এর বিশেষ বৈশিষ্ট্য হচ্ছে এটি দ্রুত সংস্থাপন করা যায় এবং অভিভাবকরা সিকিউরিটি সেটআপের মাধ্যমে ইন্টারনেটের অনাকাঙ্খিত সাইটগুলোও নিয়ন্ত্রণ করতে পারবেন। ৩০০ এমবিপিএস গতিসম্পন্ন এই রাউটারে রয়েছে ২ বাই ১১ ডিবিআই বিচ্ছিন্নপূর্ণ অ্যান্টেনা। দাম ৩,৬০০ টাকা। যোগাযোগ : ০১৯৭৭৪৭৬৫৪৬ ◆

## ওয়্যারলেস কিবোর্ডসহ লেনোভো ইয়োগা ট্যাব২



গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে আধুনিক প্রযুক্তির মাল্টিটাচসমৃদ্ধ নতুন ইয়োগা ট্যাব২ উইন্ডোজ। এর বিশেষ বৈশিষ্ট্য হিসেবে রয়েছে ওয়্যারলেস কিবোর্ড। এর ১০.১ ইঞ্চি (১৯২০ বাই ১২০০) ফুল এইচডি আইপিএস ডিসপ্লে দেয় অসাধারণ নয়নাভিরাম ভিডিও দেখার অভিজ্ঞতা। এর উদ্ভাবনী ডিজাইনের ফলে ব্যবহারকারী একাধিক উপায়ে এটি ব্যবহার করতে পারবেন। মোডগুলো হলো– হোল্ড, টিল্ট, স্ট্যান্ড ও হ্যাঙ্গ। ১.৮৬ গিগাহার্টজ গতিসম্পন্ন এই ইয়োগা ট্যাব২ উইন্ডোজে রয়েছে ইন্টেল অ্যাটম জেড৩৭৪৫ ৪ কোর প্রসেসর, ২ জিবি এলপিডিডিআর৩ র‌্যাম, ৩২ জিবি স্টোরেজ, জেনুইন উইন্ডোজ ৮.১, ৮ মেগাপিক্সেল ব্যাক ক্যামেরা ও ১.৮ মেগাপিক্সেল ফ্রন্ট ক্যামেরা। এক বছর ওয়ারেন্টিসহ দাম ৪৯,৫০০ টাকা। যোগাযোগ : ০১৯৭৭৪৭৬৫০১ ◆

## শরীরে অক্সিজেনের মাত্রা জানাবে 'ই-স্কিন'

মানুষের রক্তে অক্সিজেনের মাত্রা ঠিক আছে কি না, তা পর্যবেক্ষণের জন্য জাপানের বিজ্ঞানীরা নতুন এক প্রযুক্তি উদ্ভাবন করেছেন। তারা এমন এক অতি-পাতলা (আল্ট্রা থিন) ইলেকট্রনিক ত্বক তৈরি করেছেন, যা দিয়ে দেহের বিভিন্ন অঙ্গ আবৃত করলে রক্তে অক্সিজেনের মাত্রা জানা যাবে। কৃত্রিম এই ত্বকে স্বাস্থ্য পর্যবেক্ষণের ফলাফল সংখ্যা ও বর্ণের আকারে দেখা যাবে। এ ধরনের ত্বক উদ্ভাবনের জন্য কাজ করছেন জাপানের টোকিও বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞানীরা। ই-স্কিন উদ্ভাবন দলের প্রধান গবেষক টময়উকি ইয়োকটা এবং তার সহ-গবেষকেরা জানিয়েছেন, আঙ্গুলে লাগালে এই যন্ত্র রক্তে অক্সিজেনের মাত্রা পরিমাপ করে। ইয়োকটা আরও যোগ করেন, 'এই যন্ত্রের আলোকসংবেদী সেন্সরগুলো শরীরের বিভিন্ন অঙ্গের ওপর সরাসরি রাখা যায় এবং অস্ত্রোপচারের আগে ও পরে রক্তে অক্সিজেনের মাত্রা মাপা যায়।' ◆

## বিরাটের নামে মটোরোলার নতুন ফোন



লেনোভো অধিকৃত স্মার্টফোন ব্র্যান্ড মটোরোলা ভারতীয় ক্রিকেটার বিরাট কোহলির নামে একটি স্মার্টফোন বাজারে এনেছে। 'মটো জি টার্বো বিরাট কোহলি এডিশন' নামের এই ডিভাইসটি সম্প্রতি ভারতের বাজারে বিক্রি শুরু হয়েছে। দুয়েকটি বৈশিষ্ট্য ছাড়া মটো জি টার্বোর সাথে মটো জি টার্বো বিরাট কোহলি এডিশনের খুব পার্থক্য নেই। নতুন ফোনটির বিশেষ ফিচার হল 'বিরাট এমব্লেম'। অর্থাৎ ফোনের ব্যাক সাইডে 'ভি' অক্ষরটি বিশেষভাবে ডিজাইন করা থাকবে। মোবাইলটির সবচেয়ে আকর্ষণীয় বিষয় হল এর বিরাট ফ্যান বক্স অ্যাপটি, যার দাম ১৬ হাজার ৯৯৯ রুপি। এর মাধ্যমে সরাসরি যোগাযোগ করা যাবে ভারতের সেরা ব্যাটসম্যানের সাথে ◆

## ব্রিটিশ পার্লামেন্টের সেমিনারে বাংলাদেশ প্রতিনিধি দলের অংশগ্রহণ

লন্ডনে ব্রিটিশ পার্লামেন্টের আয়োজনে গত ২৮ এপ্রিল পোর্টকিউলিস হাউসের উইলসন রুমে 'ডাইভারসিটি, উইমেন অ্যান্ড ইনক্লুশন : দ্য ড্রাইভারস অব ইনোভেশন' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। ব্রিটিশ পার্লামেন্টে বাংলাদেশি বংশোদ্ভূত এমপি রুশনারা আলীর সহযোগিতায় সেমিনারে সভাপতিত্ব করেন ডাইভারসিটি চ্যানেল-৪-এর প্রধান ব্যারোনেস ওনা কিং। সেমিনার আয়োজনের সার্বিক সহযোগিতায় ছিল বাংলাদেশের কমপিউটার ও আইসিটিবিষয়ক জনপ্রিয় মাসিক পত্রিকা কমপিউটার জগৎ। সেমিনারে বক্তব্য রাখেন ব্রিটিশ পার্লামেন্টের এমপি এবং বিজনেস, ইনোভেশন ও ইনোভেশনবিষয়ক শ্যাডো মিনিস্টার চি অনুরাহ ও ব্যারোনেস মনজিলা পলা উদ্দিন। সেমিনারে 'ডেভেলপিং এ স্কিলড ওয়ার্কফোর্স ফর ইনোভেশন, উইমেন অ্যান্ড ইন্টিগ্রেশন ইন বাংলাদেশ' শীর্ষক সেশনে বক্তব্য দেন বাংলাদেশ সরকারের মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ের সচিব নাসিমা বেগম এনডিসি, কমপিউটার জগৎ-এর সিইও এবং ই-কমার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের (ই-ক্যাব) সাধারণ সম্পাদক মো: আবদুল ওয়াহেদ তমাল এবং রেভারি কর্পোরেশনের এমডি নাসিমা আক্তার। এছাড়া অনলাইনে আলোচনায় অংশ নেন ধানসিঁড়ি প্রোডাকশনের এমডি শমী কায়সার। এরপর বক্তব্য দেন ব্রিটিশ পার্লামেন্টের এমপি এবং বিজনেস, ইনোভেশন ও ইনোভেশনবিষয়ক শ্যাডো মিনিস্টার চি অনুরাহ।




'ইনোভেশন, ডাইভারসিটি অ্যান্ড উইমেন অ্যাট হাইটেক কোম্পানিজ' বিষয়ে বক্তব্য দেন মটোরোলার সিনিয়র আইসিটি ডিরেক্টর অ্যান্ড অ্যাডভাইজার এবং সাবেক গ্লোবাল মার্কেটিং ডিরেক্টর ড. জোই মেন্ডিস, ফুট-প্রিন্টের এমডি এবং টি মোবাইলের সাবেক ভাইস প্রেসিডেন্ট স্টিভ রবার্টস। এরপর 'কারেন্ট ইনিশিয়েটিভস ইন লন্ডন' শীর্ষক সেশনে বক্তব্য দেন এলিভেশন৪৮-এর এমডি পাউলিন ইহোনজি এবং ব্রিটিশ-বাংলাদেশ চেম্বার অব উইমেন এন্টারপ্রেনার্সের (বিবিসিডব্লিউই) প্রেসিডেন্ট দিলারা খান। সেমিনার শেষে ছিল প্রশ্নোত্তর ও আন্তঃযোগাযোগ বিষয়ক সেশন। সেমিনারে বিশেষ সহযোগিতা করেন রহিমা মিয়া ◆

## ভারতে গুগলের 'হেলথ কার্ড'



৪শ'র বেশি রোগের তথ্য সন্নিবেশিত 'হেলথ কার্ড' এবার ভারতের জন্য উন্মুক্ত করল সার্চ জায়ান্ট গুগল। ভারতই তৃতীয় দেশ, যারা যুক্তরাষ্ট্র ও ব্রাজিলের পর স্বাস্থ্য সমস্যার তথ্য সম্পর্কিত গুগলের এই সেবা নেয়ার সুযোগ পেল। গুগল সার্চে ফিচারটি প্রথম দেয়া হয় যুক্তরাষ্ট্রে। আর ভারতের প্রায় দুই সপ্তাহ আগে ব্রাজিলের জন্য উন্মুক্ত হয় হেলথ কার্ড। এ বিষয়ে ভারতীয় সংবাদমাধ্যম জানায়, গুগল ইন্ডিয়া ৫ এপ্রিল অ্যাপোলো হসপিটালের সাথে যৌথভাবে নতুন এই ফিচার ভারতবাসীর জন্য ঘোষণা করে। এখন থেকে স্থানীয় ব্যবহারকারীরা গুগল সার্চে অসুখ সংক্রান্ত তথ্য খোঁজ করলে পেজের ঠিক উপরে ডান দিকে এই কার্ডে সুবিন্যস্তভাবে তথ্যাদি প্রদর্শিত হবে। মোবাইল এবং ডেস্কটপ সার্চে সুবিধাটি পাওয়া যাবে। এ বিষয়ে গুগল জানায়, ভারতীয় কনটেন্টে ৪শ'র বেশি রোগ সংক্রান্ত ডাটা আছে। এই ডাটাবেজ আরও সম্প্রসারণের পরিকল্পনা আছে আমাদের ◆

## রাপু ডুয়াল মোড অপটিক্যাল মাউস



রাপুর একমাত্র পরিবেশক গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে ৬৬১০ মডেলের ডুয়াল মোড অপটিক্যাল মাউস। ২.৪ গিগাহার্টজ গতির ওয়্যারলেস কানেকশনসহ এতে রয়েছে ব্লুটুথ সংযোগ। এই ডুয়াল মোড সংযোগের মাধ্যমে মাউসটি ১০ মিটার দূর থেকে কাজ করতে সক্ষম। ইনভিজিবল ট্র্যাকিং ইঞ্জিন, ন্যানোরিসিভার, ১০০০ ডিপিআই রেজ্যুলেশন এবং অ্যাফিক্সড মেটাল স্ট্রিপ স্ক্রল হুইলসম্পন্ন মাউসটির রয়েছে ৯ মাস পর্যন্ত ব্যাটারি লাইফ। দুই বছরের ওয়ারেন্টিসহ মাউসটির দাম ১,৮৫০ টাকা। যোগাযোগ : ০১৯৭৭৪৭৬৪৯২ ◆

## দেশের বাজারে নেটিস নেটওয়ার্কিং পণ্য

জাঁকজমকপূর্ণ আয়োজনের মধ্য দিয়ে গত ১২ এপ্রিল রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের সেলিব্রিটি হলে অনুষ্ঠিত হয় নেটওয়ার্কিং পণ্যের ব্র্যান্ড নেটিসের গ্র্যান্ড লঞ্চিং সিরিমনি। নেটিসের একমাত্র বাংলাদেশি পরিবেশক স্মার্ট টেকনোলজিসের উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন নেটিসের ওভারসীজ মার্কেটিং অ্যাকাউন্ট ম্যানেজার ডেভিড সু, স্মার্ট টেকনোলজিসের ব্যবস্থাপনা পরিচালক মো: জহিরুল ইসলাম, বিক্রয় মহাব্যবস্থাপক জাফর আহমেদ, বিপণন মহাব্যবস্থাপক মুজাহিদ আল বেরুনী সুজন, কর্পোরেট মহাব্যবস্থাপক হাসান ফাহিম, এন্টারপ্রাইজ ব্যবসায়ের মহাব্যবস্থাপক শাহেদ কামাল, উপমহাব্যবস্থাপক শেখ আলমগীরসহ প্রতিষ্ঠানটির উর্ধ্বতন কর্মকর্তারা।




অনুষ্ঠানে স্মার্ট টেকনোলজিসের ব্যবস্থাপনা পরিচালক বলেন, আমাদের স্মার্ট টেকনোলজিসের ব্যবসায়ে নতুন ব্র্যান্ড হিসেবে আজ থেকে আনুষ্ঠানিকভাবে নেটিসের যাত্রা শুরু হল। নেটিস মূলত নেটওয়ার্কিং পণ্যের একটি ব্র্যান্ড। রাউটার, সুইচ, নেটওয়ার্ক অ্যাডাপ্টার, অ্যান্টেনা, আইপি সার্ভিলেন্সসহ বিভিন্ন নেটওয়ার্কিং এক্সেসরিজ পণ্য প্রস্ততকারক হিসেবে নেটিসের রয়েছে আন্তর্জাতিক সুনাম। দেশের নেটওয়ার্কিং পণ্যের ক্রমবর্ধমান চাহিদার বিষয়টি বিবেচনা করেই আমরা নেটিসের মতো গুণগত মানসম্পন্ন একটি নেটওয়ার্কিং ব্র্যান্ড বাজারে নিয়ে এসেছি।

অনুষ্ঠানে নেটিস ব্র্যান্ডের ৯টি মডেলের ওয়্যারলেস রাউটার, দুটি মডেলের গেমিং রাউটার, একটি মডেলের হাই পাওয়ার রাউটার, একটি মডেলের অ্যাক্সেস পয়েন্ট, একটি মডেলের র‌্যাঞ্জ এক্সটেন্ডার এবং ৬টি মডেলের সুইচ আনুষ্ঠানিকভাবে বাজারে উন্মুক্ত করা হয়েছে ◆


## আসুসের মিনি পোর্টেবল প্রজেক্টর

আসুস ব্র্যান্ডের এলইডি টেকনোলজিসমৃদ্ধ প্রজেক্টর এনেছে গ্লোবাল ব্র্যান্ড। ৩০ হাজার ঘণ্টা পর্যন্ত সর্বোচ্চ লাইট সোর্স লাইফ নিয়ে গঠিত হয়েছে আসুসের এই প্রজেক্টর। এটি ৬০ শতাংশ পর্যন্ত বিদ্যুৎসাশ্রয়ী, ডাস্ট রেজিস্ট্যান্সসমৃদ্ধ এবং




এতে রয়েছে বিল্টইন ব্যাটারি, যা ৩ ঘণ্টা পর্যন্ত ব্যাকআপ দিয়ে থাকে। আসুস প্রজেক্টরগুলো স্বল্প ওজন হওয়ার ফলে সহজে বহনযোগ্য। প্রতিটি প্রজেক্টরের বিক্রয়োত্তর সেবা দুই বছর এবং ব্যাটারির জন্য এক বছর। পি৩বির দাম ৭৩,০০০ টাকা এবং এস১-এর দাম ৪০,০০০ টাকা। যোগাযোগ : ০১৯১৫৪৭৬৩৫৯ ◆

## দ্রুতগতির প্রসেসর নিয়ে নতুন ম্যাকবুক



দ্রুতগতির প্রসেসর যুক্ত করে ১২ ইঞ্চি মাপের ম্যাকবুক লাইন হালনাগাদ করার ঘোষণা দিয়েছে অ্যাপল ইনকরপোরেশন। সম্প্রতি অ্যাপল নতুন কিছু ফিচার যুক্ত করে ম্যাকবুক লাইন হালনাগাদের এ ঘোষণা দেয়।


অ্যাপল কর্তৃপক্ষ জানিয়েছে, নতুন ম্যাকবুক রোজ গোল্ড রংয়েও পাওয়া যাবে। নতুন ম্যাকবুক হবে ১৩ দশমিক ১ মিলিমিটার পুরু, ওজন ২ পাউন্ড আর ব্যাটারি ১০ ঘণ্টা পর্যন্ত ব্যাকআপ দিতে পারবে। নতুন এই ম্যাকবুকের দাম ১ হাজার ২৯৯ মার্কিন ডলার ◆

## শার্পের নতুন ডিজিটাল ফটোকপিয়ার



গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে নতুন শার্প এআর-৬০২০ মডেলের ডিজিটাল ফটোকপিয়ার মেশিন। মেশিনটি একসাথে কপি, প্রিন্ট এবং কালার স্ক্যান করতে সক্ষম। শার্প এআর-৬০২০ মিনিটে ২০ কপি প্রিন্ট করে থাকে। এর রয়েছে ৬৪ মেগাবাইট র‌্যাম, ৩৫০ শিট পেপার ধারণক্ষমতা, কপি ও প্রিন্ট রেজ্যুলেশন ৬০০ বাই ৬০০ ডিপিআই এবং ২৫ থেকে ৪০০ শতাংশ পর্যন্ত জুমিং রেঞ্জ। প্রতি পৃষ্ঠা কপি বা প্রিন্টে খরচ মাত্র ৩৫ পয়সা। এক বছর ওয়ারেন্টিসহ দাম ৮৫,০০০ টাকা। যোগাযোগ : ০১৯৬৯৬৩৩০৮১ ◆

## থার্মালটেক কুলিং সিস্টেম



ইউসিসি বাজারজাত করছে বিশ্বখ্যাত থার্মালটেক ব্র্যান্ডের নতুন ওয়াটার কুলিং সিস্টেম 'ওয়াটার ৩.০ রিং আরজিবি ২৪০'। এতে রয়েছে আরজিবি ২৫৬ কালারস, ডুয়াল ১২০ এমএম পাওয়ারফুল হাই স্ট্যাটিক প্রেসার এবং একটি স্মার্ট ফ্যান কন্ট্রোলার। আরও রয়েছে সিপিইউ তাপমাত্রা নিয়ন্ত্রণ করার জন্য ২৪০এম ও ৩৬০এমএমের রেডিয়েটর। যোগাযোগ : ০১৮৩৩৩৩১৬০১ ◆


## ট্রান্সসেন্ডের অ্যাপল সলিউশন প্রোডাক্ট বাজারে



ট্রান্সসেন্ড ব্র্যান্ডের অ্যাপল সলিউশন পণ্য এখন বাজারে সরবরাহ করছে ইউসিসি। প্রোডাক্টগুলো হলো– এসএসডি আপগ্রেড কিট ফর ম্যাক– যা ম্যাক বুক এয়ার, ম্যাক বুক প্রো এবং ম্যাক বুক প্রো উইথ রেটিনা ডিসপ্লে প্রোডাক্তগুলো বিভিন্ন ভার্সনের উপর ভিত্তি করে আলাদাভাবে বাজারে পাওয়া যাবে। ২৪০ জিবি, ৪৮০ জিবি ও ৯৬০ জিবি আকারে পাওয়া যাবে এই এসএসডি আপগ্রেড কিট। যোগাযোগ : ০১৮৩৩৩৩১৬০১ ◆

## আসুসের ষষ্ঠ প্রজন্মের নতুন ট্রান্সফরমারবুক

আসুস দেশীয় বাজারে এনেছে ষষ্ঠ প্রজন্মের ট্রান্সফরমারবুক টিপি৩০০ইউএ। এর ১৩.৩ ইঞ্চি এইচডি এলইডি টাচস্ক্রিন ডিসপ্লে ৩৬০ ডিগ্রিতে আবর্তিত করা যায়। ২.৩০ গতিসম্পন্ন ও ষষ্ঠ প্রজন্মের ইন্টেল কোরআই৫ প্রসেসরসমৃদ্ধ এই



ল্যাপটপে রয়েছে ৮ জিবি ডিডিআর৩ র‌্যাম, ১ টেরাবাইট এইচডিডি হার্ডডিস্ক। এর রোটেটিং টাচস্ক্রিন বৈশিষ্ট্যের কারণে এটি যেকোনো মোডে ব্যবহার করা যায়। এতে রয়েছে ওয়াইফাই, ব্লুটুথ, এইচডি ৭২০ পিক্সেল ওয়েবক্যাম। রয়েছে উইন্ডোজ ১০ এবং পলিমার ব্যাটারি– যা বেশি সময় ব্যাকআপ দিয়ে থাকে। দাম ৬৯,০০০ টাকা। যোগাযোগ : ০১৯১৫৪৭৬৩৩৩ ◆

## নিট্রো আর৯ ৩৮০এক্স গ্রাফিক্স কার্ড



ইউসিসি সম্প্রতি বাজারজাত করছে বিশ্বখ্যাত সাফায়ার ব্র্যান্ডের নতুন গ্রাফিক্স কার্ড নিট্রো আর৯ ৩৮০এক্স। এএমডি রাডেওনচালিত এটি উন্নত প্রযুক্তি এবং উচ্চক্ষমতাসম্পন্ন গ্রাফিক্স-গেমিংয়ের জন্য পরিচালিত কার্ড। কার্ডটি সর্বাধুনিক জিডিডিআর৫ মেমরি স্পিডের সর্বাধিক ৮ জিবি আকারে পাওয়া যাবে। কার্ডটি তিনটি ফ্যানসমৃদ্ধ। এটি ২৮ এনএম চিপসেটের তৈরি ও সর্বোচ্চ ২০৪৮ স্ট্রিম প্রসেসরযুক্ত। মেমরি ক্লক ৯৭০ মেগাহার্টজ এবং সর্বোচ্চ পাঁচটি ডিসপ্লে আউটপুট হিসেবে পাওয়া যাবে। যোগাযোগ : ০১৮৩৩৩৩১৬০১ ◆

## পুরস্কৃত হলেন ডি-লিংক বৈশাখী ক্যুইজ বিজয়ীরা



তিনটি প্রশ্নের জবাব দিয়ে ডি-লিংক থ্রিজি পকেট রাউটার জিতলেন ডি-লিংক বৈশাখী ক্যুইজে অংশ নেয়া তিন ভাগ্যবান বিজয়ী। গত ২৪ এপ্রিল কমপিউটার সোর্সের প্রধান কার্যালয়ে ক্যুইজ বিজয়ী প্রিয়াঙ্কা হোসাইন, আসাদ কবির রিপন এবং নূর আলভির হাতে পুরস্কার তুলে দেন কমপিউটার সোর্সের পরিচালক এ ইউ খান জুয়েল এবং ডি-লিংক বাংলাদেশের প্রতিনিধি শাহরিয়ার হোসাইন।


প্রসঙ্গত, গত ৭ এপ্রিল কমপিউটার সোর্স ফেসবুক পেজে এই ক্যুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়। ১৪ এপ্রিল পর্যন্ত চলমান প্রতিযোগিতায় তিনটি প্রশ্নের সঠিক জবাব দেন ১,৫০০ প্রতিযোগী। সঠিক উত্তরদাতাদের মধ্যে লটারির মাধ্যমে নির্বাচন করা হয় বিজয়ীদের ◆

## গিগাবাইট জেড১৭০এক্স গেমিং জি১ মাদারবোর্ড



স্মার্ট টেকনোলজিস বাজারে নিয়ে এনেছে গিগাবাইট ব্র্যান্ডের জেড১৭০এক্স গেমিং জি১ মডেলের নতুন মাদারবোর্ড। ইন্টেল ষষ্ঠ প্রজন্মের কোর প্রসেসর সমর্থনকারী এই মাদারবোর্ডে রয়েছে ডুয়াল চ্যানেল ডিডিআর৪ র‍্যাম, ৩.১ ইউএসবি কানেক্টর পোর্ট, আল্ট্রা ডিউরেবল মেটাল শিল্ডসমৃদ্ধ ফোরওয়ে গ্রাফিক্স সাপোর্ট, ডুয়াল পিসিআইই জেন থ্রি কানেক্টর, তিনটি সাটা এক্সপ্রেস কানেক্টর, ইন্টিগ্রেটেড এইচডিএমআই সাপোর্ট, ক্রিয়েটিভ সার্টিফায়েড সাউন্ড ব্লাস্টার, কিলার ডাবল শট এক্স থ্রি প্রো, এলইডি ট্রেস প্যাথ, ওয়াটার কুলিং রেডি হিটসিঙ্ক ডিজাইন, ইজিটিউনযুক্ত অ্যাপসেন্টার এবং গিগাবাইট ইউইএফআই ডুয়াল বায়োস। তিন বছরের বিক্রয়োত্তর সেবাসহ দাম ৪৬,৫০০ টাকা। যোগাযোগ : ০১৭৩০৭০১৯৮৩ ◆

## আসছে আইভোমি ব্র্যান্ডের স্পিকার



খুব শিগগিরই দেশের বাজারে আইভোমি ব্র্যান্ডের পাঁচটি মডেলের স্পিকার সরবরাহ করতে যাচ্ছে ইউসিসি। মডেলগুলো হলো– আইভিও-২৪৫, আইভিও-২৫৮, আইভিও-১৬৩০ইউ, আইভিও-১৬১০ইউ এবং আইভিও-১৬০০এস। প্রথম মডেল তিনটির বৈশিষ্ট্য হলো এলইডি ডিসপ্লে, রিমোট কন্ট্রোল এবং ইউএসবি/এসডি স্লট ও এফএম ফাউন্ডেশন সাপোর্টেড। আর শেষ মডেলের স্পিকার দুটি ইউএসবি কার্ড রিডার এবং রিমোট কন্ট্রোল সাপোর্টেড। স্পিকারগুলো ২.১ চ্যানেলে পাওয়া যাবে। যোগাযোগ : ০১৮৩৩৩৩১৬০১ ◆

## লেনোভোর থ্রিডি ওয়েবক্যামসমৃদ্ধ মাল্টিমিডিয়া ল্যাপটপ



গ্লোবাল ব্র্যান্ড দেশে এনেছে লেনোভোর মাল্টিমিডিয়া সিরিজের নতুন 'জেড৫১৭০' মডেলের ল্যাপটপ। ল্যাপটপটি ইন্টেল রিয়েল সেন্স থ্রিডি ওয়েবক্যাম প্রযুক্তি দিয়ে তৈরি। এই প্রযুক্তি ব্যবহারকারীকে গেসচার কন্ট্রোলের মাধ্যমে অনেক ধরনের গেম ও অ্যাপ্লিকেশন চালনায় সহায়তা করে এবং থ্রিডি মোডে চেহারাকে স্ক্যান করার অসাধারণ অনুভূতি দিয়ে থাকে। পঞ্চম প্রজন্মের ইন্টেল কোরআই৭ প্রসেসরসমৃদ্ধ এই ল্যাপটপটিতে রয়েছে ১ টেরাবাইট হার্ডডিস্ক, ৮ জিবি এসএসএইচডি, ৮ জিবি ডিডিআর৩ র‍্যাম, ৪ জিবি এএমডি রাডেওন আর৯ গ্রাফিক্স এবং ১৫.৬ ইঞ্চি ফুল এইচডি ডিসপ্লে। রয়েছে দ্রুতগতির ৮০২.১১এসি ওয়াইফাই। দাম ৮২,৫০০ টাকা। এছাড়া কোরআই৫ প্রসেসরসমৃদ্ধ ল্যাপটপের দাম ৭২,৮০০ টাকা। যোগাযোগ : ০১৯৭৭৪৭৬৫০১ ◆

## জোটাক জিফোর্স জিটি ৭১০ গ্রাফিক্স কার্ড



জোটাকের এনভিডিয়া জিফোর্স জিটি ৭১০ গ্রাফিক্স কার্ড বাজারজাত করছে ইউসিসি। এটি আধুনিক জি ডিডিআর৩ মেমরি স্পিডের ১ জিবি থেকে ২ জিবি আকারে পাওয়া যাবে। এই কার্ডটির কোর ক্লক সর্বোচ্চ ১৬০০ মেগাহার্টজ, ডিরেক্ট এক্স১২ এপিআই (১১-০) ফিচারটি ব্যবহার করা হয়েছে এবং তিনটি ডিসপ্লে আউটপুট রয়েছে, যা গ্রাহকদের মাল্টি ডিসপ্লে দিতে সক্ষম। কার্ডটি চালাতে ৩০০ ওয়াটের পাওয়ার সাপ্লাই যথেষ্ট। যোগাযোগ : ০১৮৩৩৩৩১৬০১ ◆

## দেশে আসুসের নতুন ফোনপ্যাড



গ্লোবাল ব্র্যান্ড এনেছে বিশ্বখ্যাত আসুসের ফোনপ্যাড সিরিজের এফই৩৭৫সিএক্সজি মডেলের নতুন ট্যাবলেট পিসি। এটি অ্যান্ড্রয়েড ৪.৪.২ কিটক্যাট অপারেটিং সিস্টেম এবং ১.৩৩ গিগাহার্টজ গতির ইন্টেল কোয়াড কোর প্রসেসরে চালিত ট্যাবলেট পিসি। ৭ ইঞ্চির মাল্টিটাচ আইপিএস প্যানেলের এই ট্যাবলেট পিসিতে রয়েছে ১ জিবি র‍্যাম, ১৬ জিবি ডাটা স্টোরেজ, ডুয়াল ওয়েবক্যাম, ওয়াইফাই : ডুয়াল ব্যান্ড ৮০২.১১এ/বি/জি/এন, ব্লুটুথ ৪.০, সনিকমাস্টার অডিও ফিচার প্রভৃতি। ট্যাবলেট পিসিটিতে রয়েছে ডুয়াল সিম ব্যবহারের সুবিধা, যার মাধ্যমে ফোনকলসহ থ্রিজি ডাটা বা ইন্টারনেট ব্যবহার করা যায়। এতে আরও রয়েছে মাইক্রো এসডি স্লট, যাতে ৬৪ জিবি পর্যন্ত এসডি কার্ড ব্যবহার করা যায়। দাম ১৮,৫০০ টাকা। যোগাযোগ : ০১৯৭৭৪৭৬৪২২ ◆

## এমএসআই ৯৭০এ এসএলআই মাদারবোর্ড



ইউসিসি গেমারদের জন্য বিশ্বখ্যাত এমএসআই ব্র্যান্ডের ৯৭০এ এসএলআই ক্যারাইট সিরিজের গেমিং মাদারবোর্ড বাজারজাত করছে। মাদারবোর্ডটি এএমডি চিপসেটের এএম৩+ সকেট প্রসেসরের জন্য ব্যবহারোপযোগী। মাদারবোর্ডটি ডিডিআর৩ মেমরি ব্যবহারোপযোগী এবং এতে ২১৩৩ বাস পর্যন্ত সাপোর্ট দেবে। মাদারবোর্ডটিতে ব্যবহার হয়েছে উন্নতমানের মিলিটারি ক্লাস ৪ প্রযুক্তি, র‍্যামের জন্য রয়েছে ৪টি স্লট, যাতে ৩২ জিবি পর্যন্ত সাপোর্ট করে। যোগাযোগ : ০১৮৩৩৩৩১৬০১ ◆

## দেশে 'ওয়াই ৬ প্রো' মডেলের স্মার্টফোন



'ওয়াই ৬ প্রো' মডেলের স্মার্টফোন দেশে বিক্রি শুরু করেছে হুয়াওয়ে। প্রতিষ্ঠানটির এক বিজ্ঞপ্তিতে দাবি করা হয়েছে, হুয়াওয়ের এই ফোনটি একবার চার্জে দীর্ঘক্ষণ চলে। কারণ, ফোনটিতে রয়েছে চার হাজার মিলি অ্যাম্পিয়ারের ব্যাটারি ও পাওয়ার সেভিং ৩.০ প্রযুক্তি। এই ফোনটিতে দ্রুত চার্জ দেয়ার প্রযুক্তিও রয়েছে। এছাড়া ফোনটি বহনযোগ্য চার্জার হিসেবে ব্যবহার করে অন্য কোনো যন্ত্রে চার্জ দেয়া যায়। অ্যান্ড্রয়েড ললিপপ (৫.১) চালিত পাঁচ ইঞ্চি মাপের এইচডি স্ক্রিনযুক্ত হুয়াওয়ে ওয়াই ৬ প্রো ফোনটিতে রয়েছে ২ জিবি র‍্যাম, ১৬ জিবি রম। সাড়ে আট মিলিমিটার পুরু ফোনটির পেছনে ১৩ ও সামনে ৫ মেগাপিক্সেলের ক্যামেরা রয়েছে। ফোনের ক্যামেরার অ্যাপারচার ২ দশমিক ২ ও এতে ওয়াইড অ্যাঙ্গেল রেঞ্জ প্রযুক্তি আছে। দাম ১৫ হাজার ৯৯০ টাকা ◆

## অ্যান্ড্রয়েড অ্যাপ্লিকেশন ডেভেলপমেন্ট কোর্সে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্সে অ্যান্ড্রয়েড অ্যাপ্লিকেশন ডেভেলপমেন্ট কোর্সে ভর্তি চলছে। ৮০ ঘণ্টার এই কোর্সটির সার্বিক পরিচালনায় থাকবেন অভিজ্ঞতাসম্পন্ন একজন প্রশিক্ষক। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭ ◆

## নেটিস ব্র্যান্ডের নতুন রাউটার




স্মার্ট টেকনোলজিস বাজারে এনেছে নেটিস ব্র্যান্ডের ডব্লিউএফ২৪১১ মডেলের ওয়্যারলেস রাউটার। সিঙ্গেল অ্যান্টেনার এই রাউটারটিতে রয়েছে ৫ডিবিআই ক্যাপাসিটি অ্যান্টেনা এবং ১৫০ এমবিপিএস স্পিড। রাউটারটিতে স্পেশাল আইপি টিভি ফাংশন থাকায় ইন্টারনেটে খুব স্পষ্টভাবে টিভি দেখা যাবে। এই রাউটারটি হোম ইউজার এবং ক্ষুদ্র-মাঝারি প্রতিষ্ঠানের জন্য অত্যন্ত কার্যকর। এক বছরের ওয়ারেন্টিসহ দাম ১৪০০ টাকা। যোগাযোগ : ০১৭৩০৭০১৯৯৭ ◆

## এএমডি এফএক্স-৪৩০০ প্রসেসর



ইউসিসি বাজারে এনেছে এএমডি এফএক্স সিরিজের ৪৩০০ মডেলের প্রসেসর। এএম৩+ সকেটের এটি একটি ৪ কোরের প্রসেসর, যাতে পাবেন সর্বোচ্চ ৪.০ গিগাহার্টজ প্রসেসিং স্পিড ও ৮ এমবি ক্যাশ মেমরি। এটি ৯৫ ওয়াটের প্রসেসর। এতে এল২ এবং এল৩ নামে দুই ধরনের ক্যাশ মেমরি রয়েছে, যার একটি ৪ এমবি ক্যাশ ও অন্যটি ৪ এমবি এল৩ ক্যাশ। যোগাযোগ : ০১৮৩৩৩৩১৬০১ ◆

## ভিভিটেকের নতুন ডাটা প্রজেক্টর



গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে তাইওয়ানের বিশ্বখ্যাত ব্র্যান্ড ভিভিটেকের নতুন ডাটা প্রজেক্টর ডি৫৫২। আধুনিক ডিএলপি প্রযুক্তিসম্পন্ন এই প্রজেক্টরের কন্ট্রাস্ট রেশিও ১৫০০০:১, যা স্বচ্ছ ও স্পষ্ট দৃশ্য আনতে সক্ষম। এছাড়া রয়েছে থ্রিডি রেডিও, ৩০০০ আনসি লুমেন্স এবং ১০০০০ ঘণ্টা পর্যন্ত ল্যাম্প লাইফ। দাম ৩৫,০০০ টাকা। বিক্রয়োত্তর সেবা দুই বছর (ল্যাম্প এক বছর বা ১০০০ ঘণ্টা)। যোগাযোগ : ০১৯৭৭৪৭৬৪৫৯ ◆

## ব্রাদারের মনোক্রোম লেজার মাল্টিফাংশন প্রিন্টার

গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে বিশ্বখ্যাত ব্রাদার ব্র্যান্ডের নতুন মনোক্রোম লেজার মাল্টিফাংশন প্রিন্টার 'এমএফসি-এল২৭০০ডিডব্লিউ'। ওয়্যারড ও ওয়্যারলেস নেটওয়ার্কসম্পন্ন এই প্রিন্টারটি একাধারে



প্রিন্ট, কপি, স্ক্যান এবং ফ্যাক্স করতে সক্ষম। প্রিন্টারটি ওয়াইফাই নেটওয়ার্কিং এবং ক্লাউড নেটওয়ার্কিংয়ের মাধ্যমে যেকোনো ডিভাইস থেকে প্রিন্ট করতে সক্ষম। এছাড়া প্রিন্টারটি প্রতি মিনিটে ২৬ পৃষ্ঠা এবং একটি পৃষ্ঠার দুই পাশেই প্রিন্ট করতে পারে। প্রিন্টারটির রয়েছে ৩২ মেগাবাইট মেমরি, ১২০০ বাই ৬০০ ডিপিআই প্রিন্টিং রেজ্যুলেশন এবং ৩৩.৬ কেবিপিএস ফ্যাক্স স্পিড। তিন বছরের ওয়ারেন্টিসহ দাম ১৯,৫০০ টাকা। যোগাযোগ : ০১৯১৫৪৭৬৩৩০ ◆

## আসুসের নতুন গেমিং ল্যাপটপ

গ্লোবাল ব্র্যান্ড এনেছে উন্নত প্রযুক্তির গেমিং ল্যাপটপ জিএল৭৫২ভিডব্লিউ। গেমারদের চাহিদানুযায়ী সর্বোচ্চ গেমিং পারফরম্যান্স,




অ্যাটেনটিভ ডিজাইন, নিখুঁত ভিজ্যুয়াল ইফেক্ট এবং আধুনিক প্রযুক্তির সমন্বয়ে তৈরি করা হয়েছে এই গেমিং ল্যাপটপ জিএল৭৫২ভিডব্লিউ। ষষ্ঠ প্রজন্মের ইন্টেল কোরআই৭ প্রসেসর, ৪ জিবি এনভিডিয়া জিফোর্স জিটিএক্স ৯৬০এম ডিডিআর৫ ভিডিও গ্রাফিক্স এবং ১৭.৩ ইঞ্চি ফুল এইচডি এলইডি ডিসপ্লেসমৃদ্ধ ল্যাপটপটি সর্বোচ্চ কার্যক্ষমতাসম্পন্ন ও স্পষ্ট ভিজ্যুয়াল ইফেক্ট দিতে সক্ষম। এতে আরও রয়েছে ২ টেরাবাইট সাটা হার্ডডিস্ক, ১২৮ জিবি সলিড-স্ট্যাট ডিস্ক, ১৬ জিবি ডিডিআর৪ র‍্যাম, ইন্টেল এইচএম ১৭০ চিপসেট। এছাড়া নেটওয়ার্কিংয়ের জন্য রয়েছে ওয়াইফাই, এইচডি ওয়েবক্যাম, ল্যান জ্যাক। দাম ১,১৩,৫০০ টাকা। যোগাযোগ : ০১৯১৫৪৭৬৩৩৩ ◆

## এমএসআই এইচ১১০এম ইকো মাদারবোর্ড



ইউসিসি বাজারজাত করছে এমএসআইয়ের নতুন এইচ১১০এম ইকো মাদারবোর্ড। বেস্ট ইন ক্লাস ও ফিচার সংবলিত এই গেমিং মাদারবোর্ডটি ইন্টেল এলজিএ ১১৫১ সকেট ও ষষ্ঠ প্রজন্মের প্রসেসরে ব্যবহারোপযোগী। র‍্যামের জন্য রয়েছে দুটি স্লট, যাতে সর্বোচ্চ ৩২ জিবি পর্যন্ত ডিডিআর৪ র‍্যাম ব্যবহার করা যাবে। এতে ব্যবহার হয়েছে উন্নতমানের মিলিটার ক্লাস ৪ প্রযুক্তি। এছাড়া বোর্ডটির সর্বাধিক সুবিধা হচ্ছে দুটি ইউএসবি ৩.১, দুটি ইউএসবি ২.০ এবং সাটা ৬৪ জিবি/সেকেন্ড ব্যবহারের সুযোগ, যার মাধ্যমে ডাটাগুলো দ্রুত স্থানান্তর করা সম্ভব। আউটপুটের জন্য রয়েছে ভিজিএ, ডিভিআই সাপোর্ট। যোগাযোগ : ০১৮৩৩৩৩১৬০১ ◆

## ব্রাদার ব্র্যান্ডের ওয়্যারলেস লেজার প্রিন্টার



গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে বিশ্বখ্যাত ব্রাদার ব্র্যান্ডের ডিসিপি-১৬১০ডব্লিউ ওয়্যারলেস লেজার প্রিন্টার। এই প্রিন্টারটি লেজার টেকনোলজি প্রয়োগের মাধ্যমে একাধারে প্রিন্ট, কপি ও স্ক্যান করতে সক্ষম। প্রিন্টারটির বিশেষ বৈশিষ্ট্য হলো এর অ্যান্টিজ্যাম টেকনোলজি, যার ফলে কোনো বাধা ছাড়াই প্রিন্ট করা যায়। ৩২ মেগাবাইট মেমরির এই প্রিন্টারটি মিনিটে ২০টি প্রিন্ট করতে পারে। এর প্রিন্ট রেজ্যুলেশন ২৪০০ বাই ৬০০ ডিপিআই, স্ক্যানার রেজ্যুলেশন ৬০০ বাই ১২০০ ডিপিআই এবং কপি রেজ্যুলেশন ৬০০ বাই ৬০০ ডিপিআই। দাম ১১,৫০০ টাকা। যোগাযোগ : ০১৯১৫৪৭৬৩৩০ ◆

## পরবর্তী গ্যালাক্সি নোটে ৮ জিবি র‍্যাম!


চলতি বছরের আগস্টে বাজারে আসতে পারে স্যামসাংয়ের ফ্ল্যাগশিপ ফোন গ্যালাক্সি নোট ৬। ডিভাইসটি নিয়ে ইতোমধ্যে মাতামাতি শুরু হয়ে গেছে প্রযুক্তিবিশ্বে। গত কয়েক দিন আগে কিছু প্রযুক্তিবিষয়ক সংবাদমাধ্যম দাবি করে, স্যামসাংয়ের এই ফ্ল্যাগশিপ ফোনে থাকবে ৬ জিবি র‍্যাম। তবে অনলাইনে ফাঁস হওয়া তথ্যের বরাত দিয়ে এবার কিছু সংবাদমাধ্যম দাবি করেছে– ৬ জিবি নয়, ডিভাইসটিতে থাকছে ৮ জিবি র‍্যাম। অনলাইনে ফাঁস হওয়া নতুন তথ্যে দাবি করা হয়েছে, গ্যালাক্সি নোট ৬-এ কোয়ালকমের ২.৬ গিগাহার্টজের স্ন্যাপড্রাগন ৮২৩ প্রসেসর, চারটি কিরইয়ো কোর, ফিঙ্গার প্রিন্ট ও আইরিশ স্ক্যানার থাকবে। ডিভাইসটিতে ব্যবহার করা হতে পারে ৫.৮ ইঞ্চি কিউএইচডি ডিসপ্লে। এতে অ্যান্ড্রয়িডের হালনাগাদ সংস্করণ অ্যান্ড্রয়িড এন অপারেটিং সিস্টেমের পাশাপাশি থাকবে অ্যাড্রিনো ৫৩০ জিপিইউ। ডিভাইসটির স্টোরেজ সুবিধা নিয়ে নির্দিষ্ট কোনো তথ্য পাওয়া যায়নি। ধারণা করা হচ্ছে, এতে থাকতে পারে ১২৮ জিবি ইন্টারনাল স্টোরেজ, যা মাইক্রোএসডি কার্ড দিয়ে ২০০ জিবি পর্যন্ত বাড়ানো যাবে ◆

## সাশ্রয়ী মূল্যে লেনোভোর ১০০ সিরিজের আইডিয়াপ্যাড



গ্লোবাল ব্র্যান্ড দেশের আইটি মার্কেটে এনেছে লেনোভোর ১০০ সিরিজের আইডিয়াপ্যাড। এই আইডিয়াপ্যাডগুলো পুরনো আইডিয়াপ্যাডগুলোর চেয়ে ১০ শতাংশ বেশি স্লিম ও ৮ শতাংশ বেশি হালকা। ২.৩ কেজি ওজনের আইডিয়াপ্যাডগুলো ২২.৬ মিলিমিটার পাতলা এবং ১৫.৬ ইঞ্চি ডিসপ্লেসমৃদ্ধ। পঞ্চম প্রজন্মের ইন্টেল কোরআই৩ প্রসেসরসমৃদ্ধ এই আইডিয়াপ্যাডটিতে রয়েছে ৪ জিবি র‍্যাম, ৫০০ জিবি হার্ডডিস্ক। এছাড়া রয়েছে ২ জিবি এনভিডিয়া জিফোর্স ৯২০এম গ্রাফিক্স। এক বছরের ওয়ারেন্টিসহ আইডিয়াপ্যাডটির দাম ৩৮,৭০০ টাকা। এছাড়া পঞ্চম প্রজন্মের ইন্টেল কোরআই৩ প্রসেসর, ৪ জিবি র‍্যাম, ৫০০ জিবি হার্ডডিস্ক এবং ইন্টেল গ্রাফিক্সসমৃদ্ধ মডেলটির দাম ৩৪,৫০০ টাকা এবং ইন্টেল সেলেরন প্রসেসর, ২ জিবি র‍্যাম, ৫০০ জিবি হার্ডডিস্ক এবং উইন্ডোজ ১০ জেনুইন ভার্সনসমৃদ্ধ মডেলটির দাম ২৫,৫০০ টাকা। যোগাযোগ : ০১৯৭৭৪৭৬৫০১ ◆

## টিম ব্র্যান্ডের ডেল্টা সিরিজের র‍্যাম



ইউসিসি সম্প্রতি বাজারজাত করছে টিম ব্র্যান্ডের ডেল্টা সিরিজের র‍্যাম। এই র‍্যামগুলো ডুয়াল কিট (২ বাই ৪) = ৮ জিবি এবং (২ বাই ৮) = ১৬ জিবি আকারে বাজারে পাওয়া যাবে। ডিডিআর৪ এই র‍্যামটি ৩০০০-২৮০০ বাস পর্যন্ত সাপোর্ট করবে। এই র‍্যামটির ওয়ার্কিং ভোল্টেজ ১.৩৫ এবং ক্যাশ ল্যাটেন্সি ১৬-১৬-১৬-৩৬। যোগাযোগ : ০১৮৩৩৩৩১৬০১ ◆

## গিগাবাইট জিভি-এন৯৮টিএক্সট্রিম-৬জিডি গ্রাফিক্স কার্ড



গিগাবাইট ব্র্যান্ডের জিভি-এন৯৮টিএক্সট্রিম-৬জিডি মডেলের গ্রাফিক্স কার্ড বাজারে নিয়ে এসেছে স্মার্ট টেকনোলজিস। উইন্ডফোর্স ৩এক্স ৭০০ কুলিং সিস্টেমসম্পন্ন এই গ্রাফিক্স কার্ডে রয়েছে এনভিডিয়া জিফোর্স জিটিএক্স ৯৮০ টিআই জিপিইউ, ইন্টিগ্রেটেড ৬ জিবি ডিডিআর৫ মেমরি, ৩৮৪ বিট মেমরি ইন্টারফেস, ওসি মোডে ১৩৪২ মেগাহার্টজ ও গেমিং মোডে ১৩১৭ মেগাহার্টজ বুস্ট এবং ডুয়াল লিঙ্ক ডিভিআই/এইচডিএমআই/ডিসপ্লে পোর্ট। দাম ৬৬,০০০ টাকা। যোগাযোগ : ০১৭৩০৩১৭৭৬৮ ◆

## সাশ্রয়ী প্যাকে ইন্টেল সিকিউরিটি

বিশ্বের বৃহত্তম সিকিউরিটি সফটওয়্যার ব্র্যান্ড ইন্টেল সিকিউরিটি সাশ্রয়ী প্যাকে তাদের পণ্য বাজারে ছেড়েছে। ম্যাকাফি ইন্টারনেট সিকিউরিটি ১০ ব্যবহারকারীরা সাশ্রয়ী প্যাকটি কিনলে ৪৫ ভাগ খরচ বাঁচাতে পারবেন। ১০টি আলাদা শিটে রক্ষিত কীগুলো ভিন্ন ভিন্ন সময় ও স্থানে অ্যাক্টিভেট করা যাবে। ৫৫০০ টাকা দামের এই পণ্যটি বাংলাদেশে ইন্টেল সিকিউরিটির পরিবেশক কমপিউটার ভিলেজের শোরুমগুলো ছাড়াও দেশের সব কমপিউটার মার্কেটে পাওয়া যাচ্ছে। যোগাযোগ : ০১৬২৫৯৯৯৭৭৭ ◆

## আসুস এন সিরিজের নতুন মাল্টিমিডিয়া ল্যাপটপ




গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে এন সিরিজের নতুন মাল্টিমিডিয়া ল্যাপটপ 'এন৫৫১ভিডব্লিউ'। এতে রয়েছে ব্যাং ও উলফসেন প্রযুক্তি এবং ১৫.৬ ইঞ্চি ফুল এইচডি ডিসপ্লে, ২.৬০ গিগাহার্টজ গতিসম্পন্ন ষষ্ঠ প্রজন্মের ইন্টেল কোরআই৭ প্রসেসর, ১ টেরাবাইট সাটা হার্ডডিস্ক, ৮ জিবি ডিডিআর৪ এসডি র‍্যাম, ৪ জিবি এনভিডিয়া জিফোর্স ৯৬০এম ভিডিও গ্রাফিক্স। রয়েছে মাল্টিটাস্কিং ক্ষমতা, নেটওয়ার্কিংয়ের জন্য ওয়াইফাই, ল্যান জ্যাক, এইচডি ওয়েব ক্যাম। ৫২০০ মিলিঅ্যাম্পিয়ার ব্যাটারিসমৃদ্ধ এবং দুই বছরের ওয়ারেন্টিসহ দাম ৮৭,০০০ টাকা। যোগাযোগ : ০১৯১৫৪৭৬৩৩৩ ◆

## নতুন গেমিং কিবোর্ড



বিশ্বখ্যাত থার্মালটেক ব্র্যান্ডের পরিবেশক ইউসিসি সম্প্রতি বাজারে সরবরাহ করছে নতুন গেমিং কিবোর্ড 'চ্যালেঞ্জার প্রাইম আরজিবি কম্বো'। এই কিবোর্ডটির সাথে একটি থার্মালটেক মাউস, আরজিবি কালার পাওয়া যাচ্ছে। ইউএসবি ইন্টারফেস সংবলিত এই কিবোর্ডে থাকছে অ্যান্টিঘোস্টিং কির সুবিধা এবং ৮টি মাল্টিমিডিয়া কি। যোগাযোগ : ০১৮৩৩৩৩১৬০১ ◆

## কমপিউটার সোর্সে গেম খেলার বাজেটসাশ্রয়ী ল্যাপটপ




বাজেটের শাসন এড়িয়ে গেম খেলার উপযোগী ডেল ব্র্যান্ডের ল্যাপটপ হাতের নাগালে নিয়ে এসেছে দেশের অন্যতম প্রযুক্তিপণ্য সেবাদাতা প্রতিষ্ঠান কমপিউটার সোর্স। ডেল ব্র্যান্ডের পঞ্চম প্রজন্মের এই ল্যাপটপে রয়েছে এনভিডিয়া জিফোর্স ২ জিবি গ্রাফিক্স। প্রসেসিং গতি ২.২ গিগাহার্টজ। ১৪ ইঞ্চি প্রশস্ত পর্দার ল্যাপটপটিতে রয়েছে ৫০০ জিবি হার্ডড্রাইভ, ৪ জিবি র‍্যাম ও দুটি ওয়েভ ম্যাক্স অডিও স্পিকার। আছে এইচডি ওয়েবক্যাম, ডিজিটাল মাইক্রোফোন। পাশাপাশি ডিভিডি রাইটার, থ্রি ইন ওয়ান কার্ডরিডার, ব্লু-টুথ ৪.০, এইচডিএমআই, আরজে ৪৫ ও ইউএসবি পোর্ট এবং ৪ সেল ব্যাটারি রয়েছে এই স্ট্যান্ডার্ড ব্ল্যাক কালারের ল্যাপটপটিতে। ঘরে-বাইরে প্রাত্যহিক প্রফেশনাল কাজের পাশাপাশি বিনোদন ও গেম খেলার জন্য এই মুহূর্তে সবচেয়ে বাজেটসাশ্রয়ী ডেল ইন্সপায়রন এন৩৪৪৩ মডেলের ল্যাপটপটির দাম ৩৯,৫০০ টাকা। সাথে থাকছে একটি অরিজিনাল ক্যারিকেস ও দুই বছরের বিক্রয়োত্তর সেবা ◆

## ভিউসনিকের ভিএক্স২২৬৩এস মনিটর




ইউসিসি সম্প্রতি বাজারে এনেছে ভিউসনিকের ২২ ইঞ্চি নতুন মডেলের মনিটর ভিএক্স২২৬৩। এটি এলইডি ব্যাকলাইট সংবলিত ও অতি পাতলা ব্যাজল সুদৃশ্য ডিজাইনের তৈরি। এর ফুল এইচডি ১৯২০এক্স বাই ১০৮০ রেজ্যুলেশন ৫০০০০০০০:১ স্ট্যাটিক কন্ট্রাস্ট রেশিও এবং সুপার ক্লিয়ার ভিএ টেকনোলজি দেবে গ্রাহকদের অবিশ্বাস্য সুন্দর স্ক্রিন পারফরম্যান্সের নিশ্চয়তা। এর ১৭৮ ডিগ্রি হরাইজন্টাল ও ভার্টিক্যাল ভিউ অ্যাঙ্গেল দেবে সর্বোচ্চ অ্যাঙ্গেল থেকে স্বচ্ছ ছবি। এছাড়া মনিটরটিতে রয়েছে ফ্লিকার ফ্রি সিস্টেম, ইকো মোড সিস্টেম, ব্যাকলাইট ফিল্টারের মতো ফিচার। যোগাযোগ : ০১৮৩৩৩৩১৬০১ ◆

## ডেল অপটিপ্লেক্স ৩০২০এমটি ব্র্যান্ড পিসি



স্মার্ট টেকনোলজিস বাজারে এনেছে ডেল অপটিপ্লেক্স ৩০২০এমটি মডেলের ব্র্যান্ড পিসি। ইন্টেল ফোর্থ জেনারেশন কোরআই৫ প্রসেসরসম্পন্ন এই ব্র্যান্ড পিসিতে রয়েছে ৪ জিবি ডিডিআর৩ র‍্যাম, ৫০০ জিবি হার্ডড্রাইভ, ডেল ১৮.৫ ইঞ্চি মনিটর, ডিভিডি রাইটার, ইউএসবি কিবোর্ড এবং ইউএসবি মাউস। তিন বছরের পার্টস ও সার্ভিস ওয়ারেন্টিসহ দাম ৪৭,৫০০ টাকা। যোগাযোগ : ০১৭৩০৭০১৯৩২ ◆

## এডাটার নতুন মডেলের পাওয়ার ব্যাংক



গ্লোবাল ব্র্যান্ড দেশের আইটি বাজারে এনেছে পিভি ১২০ মডেলের নতুন পাওয়ার ব্যাংক। স্মার্ট, স্লিম ও লেদার টেক্সচারের মতো আধুনিক ডিজাইনসমৃদ্ধ এই পাওয়ার ব্যাংকটির ওজন মাত্র ১২০ গ্রাম। ২.১ অ্যাম্পিয়ার আউটপুট দিয়ে এটি দ্রুততার সাথে স্মার্টফোন, ট্যাবলেট জাতীয় ডিভাইসগুলো রিচার্জ করতে সক্ষম। নিরাপত্তার জন্য রয়েছে ওভার টেম্পারেচার প্রটেকশন, ওভার চার্জিং প্রটেকশন, শর্টসার্কিট প্রটেকশন এবং ওভার ভোল্টেজ প্রটেকশন। ৫১০০ এমএএইচ ধারণ ক্ষমতাসম্পন্ন পাওয়ার ব্যাংকটির দাম ১,৫০০ টাকা। যোগাযোগ : ০১৭১৩২৫৭৯০৪ ◆

## ল্যাম্প ফ্রি ক্যাসিও প্রজেক্টর



দেশে জাপানিজ 'ক্যাসিও' ব্র্যান্ডের ল্যাম্প ফ্রি প্রজেক্টর এনেছে গ্লোবাল ব্র্যান্ড। লেজার এবং এলইডি প্রযুক্তির সমন্বয়ে গঠিত এই ক্যাসিও প্রজেক্টরের সর্বোচ্চ লাইট সোর্স লাইফ ২০ হাজার ঘণ্টা পর্যন্ত। ল্যাম্প ফ্রি প্রযুক্তিতে তৈরি হওয়ায় কেসিও প্রজেক্টরগুলো সম্পূর্ণরূপে পরিবেশবান্ধব এবং বিদ্যুৎসাশ্রয়ী। এই প্রজেক্টরগুলোর বিক্রয়োত্তর সেবা তিন বছর। যোগাযোগ : ০১৯১৫৪৭৬৩৫৯ ◆

## প্রিন্স ২ ফাউন্ডেশন ট্রেনিং ও এক্সামে শতভাগ সাফল্য

আইবিসিএস-প্রাইমেক্সে গত বছরের ৬ ও ৭ জুন সার্টিফায়েড প্রিন্স ২ এক্সপার্ট ইন্ডিয়া প্রশিক্ষকের অধীনে প্রিন্স ২ ফাউন্ডেশন ট্রেনিং ও এক্সাম অনুষ্ঠিত হয়। ৬ জন প্রফেশনাল প্রশিক্ষণার্থী ব্যাচটি সফলভাবে শেষ করে পেপার ভিত্তিক পরীক্ষায় অংশ নেন এবং প্রত্যেকে সার্টিফিকেট অর্জন করেন। আগামী আগস্ট মাসে প্রিন্স ২ ফাউন্ডেশন দ্বিতীয় ব্যাচটি অনুষ্ঠিত হবে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭ ◆

## ব্রাদারের নতুন মনোক্রোম লেজার প্রিন্টার



গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে ব্রাদার ব্র্যান্ডের নতুন মনোক্রোম লেজার প্রিন্টার 'এইচএল-এল২৩৬৫ডিডব্লিউ'। ওয়্যারড ও ওয়্যারলেস নেটওয়ার্কসম্পন্ন এই প্রিন্টারটি পৃষ্ঠার দুই পাশেই প্রিন্ট করতে সক্ষম। প্রিন্টারটি ওয়াইফাই নেটওয়ার্কিং এবং ক্লাউড নেটওয়ার্কিংয়ের মাধ্যমে যেকোনো ডিভাইস থেকে প্রিন্ট করতে সক্ষম। এছাড়া প্রিন্টারটি প্রতি মিনিটে ৩০ পৃষ্ঠা প্রিন্ট করতে পারে। প্রিন্টারটির রয়েছে ৩২ মেগাবাইট মেমরি, ৬০০ বাই ৬০০ ডিপিআই প্রিন্টিং রেজ্যুলেশন। তিন বছরের ওয়ারেন্টিসহ দাম ১৩,৫০০ টাকা। যোগাযোগ : ০১৯১৫৪৭৬৩৩০ ◆